

# 22nd Meeting of the Working Mechanism for Consultation & Coordination on India-China Border Affairs

June 25, 2021

## ভারত-চীন সীমান্ত বিষয়ক পরামর্শ ও সমন্বয়ের জন্য কার্যনির্বাহী ব্যবস্থার 22 তম সভা

জুন ২৫, ২০২১

1.. ভারত-চীন সীমান্ত বিষয়ক পরামর্শ ও সমন্বয়ের জন্য কার্যনির্বাহী ব্যবস্থা (ডব্লিউএমসিসি)-র ২২ তম সভা ২৫শে জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে। ভারতের প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের অতিরিক্ত সচিব (পূর্ব এশিয়া)। চীনা প্রতিনিধি দলের নেতৃত্ব দেন চীনা পররাষ্ট্র মন্ত্রণালয়ের সীমানা ও মহাসাগর বিভাগের মহাপরিচালক।

2. ভারত-চীন সীমান্ত অঞ্চলের পশ্চিমক্ষেত্রে প্রকৃত নিয়ন্ত্রণ (এলএসি) রেখা বরাবর পরিস্থিতি নিয়ে দু'পক্ষের মধ্যে খোলামেলা মতবিনিময় হয়েছে। ২০২০ সালের সেপ্টেম্বরে দু'দেশের পররাষ্ট্রমন্ত্রীর মধ্যে যে চুক্তি হয়েছিল, তা বিবেচনায় রেখে পূর্ব লাদাখের এলএসি-র পাশাপাশি বকেয়া বিষয়গুলির দ্রুত সমাধানের প্রয়োজনীয়তার বিষয়ে উভয় পক্ষই একমত হয়েছে। এ ক্ষেত্রে, যাতে দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতি সক্ষম করার জন্য শান্তি ও প্রশান্তির পূর্ণ পুনঃস্থাপন নিশ্চিত হয়, তার জন্য সমস্ত সংঘর্ষের জায়গা থেকে সৈন্যসমাবেশ সরিয়ে নেবার ক্ষেত্রে পারস্পরিক গ্রহণযোগ্য সমাধানে পৌঁছানোর জন্য কূটনৈতিক ও সামরিক প্রক্রিয়াগুলির মাধ্যমে কথাবার্তা এবং যোগাযোগ বজায় রাখতে উভয়পক্ষ সম্মত হয়েছেন। তারা এও সম্মত হন যে অন্তর্বর্তীকালীন সময়ে উভয় পক্ষই স্থলভাগে স্থিতিশীলতা নিশ্চিত করতে এবং যে কোনও ধরনের অপ্রীতিকর ঘটনা রোধ করতে থাকবে।

3. উভয় পক্ষ বিদ্যমান দ্বিপাক্ষিক চুক্তি ও প্রোটোকল অনুসারে পশ্চিম সেক্টরে এলএসি-বরাবর সমস্ত সংঘর্ষের জায়গা থেকে সৈন্যসমাবেশ সম্পূর্ণভাবে সরিয়ে নেবার লক্ষ্যে অতিশীঘ্র কোনও এক তারিখে সিনিয়র কমান্ডার সভার পরবর্তী (দ্বাদশ) দফায় বৈঠকে সম্মত হয়েছে।

নিউ দিল্লি

জুন ২৫, ২০২১

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.